

চুনাকুচাট উপজেলা চোরাচালান প্রতিরোধ কমিটির মার্চ/২০১৮ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী :

সভাপতি: জনাব কাইজার মোহাম্মদ ফারাবী

উপজেলা নির্বাহী অফিসার

চুনাকুচাট, হবিগঞ্জ।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।

তারিখ : ১২/০৩/২০১৮ খ্রিঃ।

সময় বেলা ১১.৩০ মিঃ।

সভার উপস্থিতি ও অনুপস্থিতি : পরিশিষ্ট-ক দ্রষ্টব্য।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর বিগত চোরাচালান প্রতিরোধ কমিটির সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃষ্টিকরণ করা হয়।

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	কার্যক্রম	
০১	<p>উপজেলা নির্বাহী অফিসার সীমান্তবর্তী ইউনিয়ন পরিষদের দৃষ্টি আকর্ষণ করে বলেন নিয়মিত চোরাচালান প্রতিরোধ সভা করে কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসার, চুনাকুচাট বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। কোম্পানী কমান্ডার বাল্লা বিওপি ও চিমাট বিলের দৃষ্টি আকর্ষণ করে উপজেলা নির্বাহী অফিসার বলেন বিজিবি কর্তৃপক্ষের সার্বিক অবস্থা সম্পর্কে মতামত আহ্বান করেন। কোম্পানী কমান্ডার বাল্লা বিওপি সভাকে জানান তার কর্ম এলাকার অবস্থা মোটামুটি ভাল। ইদানিং গরু চুরি কিছুটা হ্রাস তবে মাদক পাচার কমেনি। গরুচুরি সম্পূর্ণভাবে নিমূল করতে পারলে ভাল হতো। মদ, গাঁজা ও ইয়াবা পাচার এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন সঠিক তথ্য থাকলে টাক্সফোর্সের অভিযান পরিচালনা করা যেতে পারে। কোম্পানী কমান্ডার, চিমাটবিল সভাকে জানান ডিউটিতে বের হলেই মাদক ব্যবসায়ীদের সোর্স আমাদের অবস্থান মোবাইলে জানিয়ে দেয়। তাই মাদক রোধকল্পে চিমাটবিল এলাকার চা শ্রমিক যারা সোর্স হিসেবে চিহ্নিত তাদের মোবাইল ফোন ব্যবহার নিষেধ করা হলে মাদক পাচার রোধে আরও সফলতা অর্জন করা যাবে। গত মাসে ৫টি মামলায় ৭,০০,০০০.০০ টাকার উপরে মদ, গাঁজা, ইয়াবা ট্যাবলেট আটক করা হয়েছে। চেয়ারম্যান, ২নং আহমদাবাদ ইউপি সভাকে জানান মাদক সশ্রুট জলিল ঢাকায় গ্রেফতার হয়েছে। চিমাট বিল এলাকায় শাহীন এবং লিটন মাদকের সাথে জড়িত। গুইবিল ও চিমাটবিল বিওপিতে মাত্র ২৫জন বিজিবি সদস্য আছে। তাদের দ্বারা পুরো সীমান্ত টহল সম্ভব না। এ বিষয়ে অফিসার ইনচার্জ(তদন্ত) চুনাকুচাট সভাকে জানান, মাদক ব্যবসায়ীদের ধরার জন্য পুলিশ বিভাগ প্রতিদিনই কাজ করে যাচ্ছে। তিনি এই কাজে সকলের সহযোগিতা কামনা করেন। চেয়ারম্যান, ৮ নং সাটিয়াজুরী ইউপি সভাকে জানান, তাঁর ইউনিয়নের গাঁজা এবং মাদক সমস্যাটি মারাত্মক আকার ধারণ করছে। মাদককে কেন্দ্র করে কতিপয় লোক বিভিন্ন অসামাজিক কর্মকাণ্ড পরিচালনা করে। এ হেন অবস্থা থেকে মুক্তি পাওয়ার জন্য তিনি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। চেয়ারম্যান, ১নং গাজীপুর ইউপি সভাকে জানান, তাঁর ইউনিয়নে বিভিন্ন এলাকা থেকে গরু চোর, মাদক ব্যবসায়ী এসে উপদ্রব করছে। ইদানিং ইয়াবা ট্যাবলেট এর ছড়াছড়ি। কাইছার নামে একজনকে ধৃত করে পুলিশের নিকট সোপর্দ করা হয়েছে। কন্দুছ, ফারুক, বেলালকে আইনেরআওতায় আনা হলে মাদকসহ চোরাচালান একটু রোধ হবে। ইদানিং স্কুলের ছাত্রদেরকে পর্যন্ত জড়িতে করেছে।</p> <p><u>টাক্সফোর্স অভিযান সম্পর্কিত আলোচনা :</u> উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান, যৌথভাবে অভিযান চালিয়ে মাদক পাচারকারীদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।</p> <p><u>মাদকদ্রব্য নিরোধ অভিযান সম্পর্কিত আলোচনা :</u> উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপস্থিত সকল সদস্যদের দৃষ্টি আকর্ষণ করে বলেন সম্মিলিতভাবে অভিযান পরিচালনা করলে গাঁজা ও ইয়াবাসহ মাদক পাচার বন্ধ হবে। মাদকের বিরুদ্ধে সাংবাদিক ভাইরা নির্ভরযোগ্যভাবে কাজ করে যান। জেলা পর্যায়ের সভাগুলোতে চুনাকুচাট উপজেলার বাস্তব চিত্র ফটে উঠে। তিনি সকলকে সমজ্ঞিতভাবে মাদকের বিরুদ্ধে কাজ করার আহ্বান জানান। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান- মাদক প্রতিরোধের বিষয়টি সভায় বিশেষভাবে আলোচিত হয়েছে। সমন্বিত উদ্যোগে সভা আয়োজনের মাধ্যমে মাদকের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হবে।</p>	<p>(ক) প্রতি মাসের সভায় চোরাচালান বিরোধী অভিযানের বিস্তারিত প্রতিবেদন দাখিল করতে হবে। (খ) চোরাচালান প্রতিরোধ অভিযান অব্যাহত রাখতে হবে এবং দায়িত্ব পালনে সংশ্লিষ্ট সকলকে আরো সচেতন হতে হবে।</p>	<p>বাস্তবায়নেঃ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান, কোম্পানী কমান্ডার, বিজিবি বাল্লা ও চিমাট বিল বিওপি।</p> <p>বিস্তারিত আলোচনান্তে যৌথভাবে অভিযান পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>পাচার রোধকল্পে টাক্সফোর্স অভিযান জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>বাস্তবায়নেঃ সংশ্লিষ্ট সকল</p> <p>বাস্তবায়নেঃ কোম্পানী কমান্ডার বিজিবি (বাল্লা/ চিমাট বিল)/ ইসপেক্টর, মাদক নিয়ন্ত্রণ অধিদপ্তর, চুনাকুচাট।</p>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(কাইজার মোহাম্মদ ফারাবী)  
উপজেলা নির্বাহী অফিসার

সভাপতি।

স্মারক নং ০৫.৪৬.৩৬২৬.০০৩.০২.০০০.১৫- ২৩৩

তারিখঃ ১৮/০৩/২০১৮ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
- ৩। জেলা প্রশাসক, হবিগঞ্জ।
- ৪। পুলিশ সুপার, হবিগঞ্জ।
- ৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুনারুঘাট।
- ৬। সহকারী কমিশনার (ভূমি), চুনারুঘাট।
- ৭। অফিসার ইন চার্জ, চুনারুঘাট থানা।
- ৮। চেয়ারম্যান, ১নং গাজিপুর/২নং আহমদাবাদ/৩নং দেওরগাছ/৪নং পাইকপাড়া/৯নং রাণীগাও ইউনিয়ন পরিষদ, চুনারুঘাট।
- ৯। কোম্পানী কমান্ডার বিজিবি (বাল্লা/চিমটিবিল বিওপি)
- ১০। .....

(কাইজার মোহাম্মদ ফারাবী)

উপজেলা নির্বাহী অফিসার

চুনারুঘাট, হবিগঞ্জ।

ফোনঃ ০৮৩২৫-৫৬০০১

ফ্যাক্সঃ ০৮৩২৫-৫৬১৮৩

[unochunarughat@gmail.com](mailto:unochunarughat@gmail.com)

[unochunarughat@mopa.gov.bd](mailto:unochunarughat@mopa.gov.bd)